

তারিখঃ ২৭/০৩/২০২৫ খ্রি.

জরুরী অফিস আদেশ

বিষয়ঃ কলেজের শৃঙ্খলাভঙ্গের অপরাধে জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর এর ১০ম ব্যাচের ক্লাস এবং পরীক্ষা কার্যক্রম স্থগিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর এর একাডেমিক কো-অর্ডিনেটর এবং ফেইজ ওয়ান এর বিভাগীয় প্রধানদের সাথে আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক, কলেজের শৃঙ্খলাভঙ্গের অপরাধে অত্র মেডিকেল কলেজের ১০ম ব্যাচের ছাত্র-ছাত্রীদের ক্লাস ও পরীক্ষা কার্যক্রম পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত স্থগিত ঘোষণা করা হইল।

এ ব্যাপারে পরবর্তী করণীয় ও সিদ্ধান্ত গ্রহণের জন্যঃ

- ☞ আগামী ০৬ এপ্রিল ২০২৫ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় কলেজের একাডেমিক কাউন্সিলের এক জরুরি সভা অনুষ্ঠিত হইবে।
- ☞ অধ্যক্ষ ও কলেজের ডিসিপ্লিনারি কমিটির সাথে ১০ম ব্যাচের অভিভাবকদের একটি সভা আগামী ০৮ এপ্রিল ২০২৫ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় মনিরাজপুরস্থ একাডেমী বিল্ডিং এ অনুষ্ঠিত হবে।
- ☞ পরবর্তী করণীয় নির্ধারণের জন্য উক্ত সভায় ১০ম ব্যাচের ছাত্র-ছাত্রীদের বাবা/মা অথবা একজন দায়িত্ববান অভিভাবককে বিনা ব্যর্থতায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল। **যে সকল ছাত্র-ছাত্রীর অভিভাবকরা উপস্থিত থাকতে ব্যর্থ হবেন তাদের পোষ্যদের ক্লাস এবং পরীক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে।** উল্লেখ্য যে, কলেজের অন্যান্য ব্যাচের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ক্লাস ও পরীক্ষা কার্যক্রম আগামী ০৫ এপ্রিল ২০২৫ তারিখ শনিবার হতে নিয়মিত অনুষ্ঠিত হবে।

অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম আজাদ
অধ্যক্ষ

জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর।
ইমেইলঃ jamalpurmc@ac.dghs.gov.bd
মোবাইলঃ +880 1723 737 871